জমি / বাড়ি / ফ্ল্যাট



জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - "কিনতে" অথবা "বিক্রি" করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

হলি ডে হোম বুকিং




পশ্চিমবঙ্গ সহ ভিন রাজ্যের বিভিন্ন দর্শনীয় ভ্রমণের জায়গায় হোটেল,রিসোর্ট,হোম স্টে সহজেই বুকিং করতে যোগাযোগ করুন "এই যুগ" অফিসে।

ফোন নং : ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 27 SEPTEMBER 2025 ,SATURDAY | ২৭ সেপ্টেম্বর ২০২৫ ,শনিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-406

## সুকনা চা বাগানে খাঁচাবন্দী হল একটি চিতাবাঘ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৬ সেপ্টেম্বর : দার্জিলিং জেলার সুকনা চা বাগানে বৃহস্পতিবার রাতে বন কর্মীদের পাতা খাঁচায় বন্দী হলো একটি চিতাবাঘ। জানা গেছে কয়েকদিন ধরেই চিতাবাঘটি চা বাগান ও লাগোয়া এলাকায় হানাদারি চালিয়ে রীতিমতো আতঙ্কের পরিবেশ সৃষ্টি করেছিলো। বন দপ্তরের সুকনা রেঞ্জের কর্মীরা বৃহস্পতিবার রাতে চা বাগানে খাঁচা পাতেন। খাঁচায় রাখা ছাগলের লোভে চিতাবাঘটি খাঁচায় প্রবেশ করে বন্দী হয়। শুক্রবার সকালে চা বাগানের শ্রমিকরা চিতাবাঘের গর্জন শুনতে পেয়ে ছুটে খাঁচার কাছে যান ও খাঁচাবন্দী চিতাবাঘটিকে দেখতে পেয়ে বন কর্মীদের খবর দেন। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে খাঁচা সহ চিতাবাঘটিকে নিয়ে যান। বন কর্মীরা জানান চিতাবাঘটির স্বাস্থ্য পরীক্ষার পর ফের জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। চিতাবাঘটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হয়েছেন চা বাগানের শ্রমিকথেকে লাগোয়া এলাকার বাসিন্দারা।

## দীর্ঘ আলোচনার পর কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী হলো তুরতুরি চা বাগান কর্তৃপক্ষ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৬ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার অন্তর্গত তুরতুরি চা বাগান কর্তৃপক্ষ বৃহস্পতিবার রাত নটা পর্যন্ত কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী ছিলোনা। যদিও রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর আগে ঘোষনা করেছিলেন পনেরোই সেপ্টেম্বর এর মধ্যে সমস্ত চা বাগানকে কুড়ি পার্সেন্ট হারে বোনাস মিটিয়ে দিতে হবে। তারপর কেটে গেছে এগারো দিন কিন্তু তুরতুরি চা বাগান কর্তৃপক্ষ কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী ছিলোনা। শ্রমিকরাও কুড়ি পার্সেন্ট হারে বোনাসের দাবিতে অনড়। তারা প্রতিদিন চা বাগানের গেটে বোনাসের দাবি জানিয়ে বিক্ষোভ প্রদর্শন করতে থাকেন। বৃহস্পতিবার রাত পর্যন্ত মালিকপক্ষ কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী হননি। ফের শুক্রবার সকালে বসে বৈঠক। বৈঠকে দীর্ঘ আলোচনার পর চা বাগান কর্তৃপক্ষ কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী হয়ে ঘোষণা করে জানান তারা একবারে কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে পারবেননা। দুই কিস্তিতে বোনাস শ্রমিকদের মিটিয়ে দেওয়া হবে। এক কিস্তি আজকেই দেওয়া হবে আরেক কিস্তি পুজোর পর দেওয়া হবে। এই ঘোষনা শ্রমিকরা মেনে নেন ও বিক্ষোভ প্রদর্শন বন্ধ করে কাজে যোগ দেন।

**হলি ডে হোম বুকিং**

পশ্চিমবঙ্গ সহ ভিন রাজ্যের বিভিন্ন দর্শনীয় ভ্রমণের জায়গায়

হোটেল, রিসোর্ট, হোম স্টে সহজেই বুকিং করতে যোগাযোগ করুন

"এই যুগ" অফিসে।

ফোন নং : ৯০৬২৮৬৭৯২১ ।



# শিলিগুড়ি ট্রাফিক গার্ডের সমাজসেবা মুলক উদ্যোগ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৬ সেপ্টেম্বর : আসন্ন দুর্গা পুজোর প্রাক্কালে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের শিলিগুড়ি ট্রাফিক গার্ডের পক্ষ থেকে শুক্রবার গ্রহন করা হয়েছে এক সমাজসেবা মুলক উদ্যোগ। এদিন ডেপুটি পুলিশ কমিশনার (ট্রাফিক) কাজী সামসুদ্দিন আহমেদ,অতিরিক্ত ডেপুটি পুলিশ কমিশনার (ট্রাফিক) অভিষেক মজুমদার, সহকারি পুলিশ কমিশনার (ট্রাফিক) সাজিদ ইকবাল, ভক্তিনগর থানার ট্রাফিক গার্ডের আধিকারিকগন শুক্রবার শিলিগুড়িতে বিশেষভাবে সক্ষম শিশুদের একটি শিক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষা কেন্দ্রের শিশুদের নতুন জামা কাপড়, মিষ্টির প্যাকেট সহ প্যাকেটজাত মধ্যাহ্নভোজ উপহার দেন। পুলিশ আধিকারিকগন শিশুদের সাথে সময় কাটান ও তাদের উৎসাহ প্রদান করেন। তারা জানান পুলিশ শুধু নিরাপত্তা রক্ষাই করেনা, এর পাশাপাশি সমাজ কল্যানেও প্রতিশ্রুতিবদ্ধ।

EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE

GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO

For Work

PUBLISHING WORK
NEWSPAPER ✻ MAGAZINE ✻ BOOK

CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

# কিডনি রুগীর মেয়ের পড়াশোনার দায়িত্ব নিলেন বিধায়ক



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৬ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার দুই নম্বর ব্লকের টটপাড়া গ্রামের ফুলকুমার রায় কিডনীর সমস্যায় ভুগছেন, চিকিৎসকরা তাকে পরামর্শ দিয়েছেন দুটি কিডনি বদলের। কিন্তু ফুলকুমারের পরিবারের পক্ষে কিডনি প্রতিস্থাপন এর ব্যয় বহন করা সম্ভব নয়। ব্যয়বহুল এই চিকিৎসার খরচ কীভাবে যোগাড় হবে সেই চিন্তায় পরিবারের সদস্যদের দিন কাটছে চরম অনিশ্চয়তার মধ্য দিয়ে। এই খবর পেয়ে এলাকার বিধায়ক মনোজ কুমার ওঁরাও শুক্রবার ফুলকুমারের বাড়িতে যান। পুজোর মুখে পরিবারের সদস্যদের তুলে দেন কিছু জামা কাপর সহ খাদ্য সামগ্রী। পরিবারের সদস্যদের জানান তিনি পরিবারটির পাশে আছেন এবং ফুলকুমারের চিকিৎসার জন্য যথাসাধ্য সহায়তা করবেন। পাশাপাশি ফুলকুমারের স্কুল পড়ুয়া মেয়ের পড়াশোনার দায়িত্বও তিনি গ্রহন করেন। বিধায়কের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী।



# নয় লক্ষাধিক টাকার মাদক সহ এক যুবককে গ্রেপ্তার করলো নিউ জলপাইগুড়ি থানার পুলিশ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২৬ সেপ্টেম্বর : স্কুটিতে করে মাদক বেচতে এসে নিউ জলপাইগুড়ি হানার পুলিশের হাতে ধরা পড়লো শিলিগুড়ি পৌর নিগমের ছয় নম্বর ওয়ার্ডের বাসিন্দা মুকেশ দাস নামে এক যুবক। জানা গেছে ঐ যুবক নিউ জলপাইগুড়ি থানা লাগোয়া মোড়বাজার এলাকায় শুক্রবার স্কুটি নিয়ে মাদক বিক্রি করতে আসে। পুলিশ গোপন সুত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে মাদক সহ যুবককে গ্রেপ্তার করে। জানা গেছে যুবকের হেফাজত থেকে উদ্ধার হয় তিনশো গ্রাম ব্রাউন সুগার। উদ্ধার করা মাদক ও স্কুটি বাজেয়াপ্ত করে পুলিশ। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে। পুলিশ জানায় উদ্ধার করা মাদকের আনুমানিক মুল্য নয় লক্ষাধিক টাকা।


# হলি ডে হোম বুকিং




**পশ্চিমবঙ্গ সহ ভিন রাজ্যের বিভিন্ন দর্শনীয় ভ্রমণের জায়গায় হোটেল,রিসোর্ট,হোম স্টে সহজেই বুকিং করতে যোগাযোগ করুন “এই যুগ” অফিসে। ফোন নং : ৯০৬২৮৬৭৯২১ ।**


EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE”,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |